তারিখ ... ২।৭।৭৪
পৃষ্ঠা ... ৩ ... কলাম ২ ...

ইত্তেফাক



# ছাত্র সংগঠন সংবাদ

(ইত্তেফাক রিপোর্ট)

মহান শিক্ষা দিবস উপলক্ষে বাংলাদেশ ছাত্র ইউনিয়নের সপ্তাহব্যাপী কর্মসূচীর ৪র্থ দিবসে গত মঙ্গলবার বিকালে বায়তুল মোকাররম প্রাঙ্গণে অনুষ্ঠিত এক ছাত্র-জনসভায় অবিলম্বে পূর্ণাঙ্গ শিক্ষানীতি ঘোষণা, ডঃ কুদরত-ই-খুদার শিক্ষানীতির গণমুখীধারাসমূহের বাস্তবায়ন ছাত্র বেতন ও বইপত্রের মূল্য কমানো, শিক্ষকদের উপযুক্ত বেতন ও মর্যাদা দান, শিক্ষা ক্ষেত্রে বাজেট বরাদ্দ বৃদ্ধি, 'ডাকসু'সহ ছাত্র সংসদ সমূহের নির্বাচন অনুষ্ঠানের দাবী জানান হয়। ইহাছাড়া সভায় নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য হ্রাস, বিলাসসামগ্রী আমদানী বন্ধ, শিক্ষক, চিকিৎসক, কারিগরদের বিদেশ গমন বন্ধ, মার্কিন শান্তি বাহিনী আনয়নের চুক্তি বাতিল, সামরিক আইন ও পি, পি, আর, প্রত্যাহার, রাজবন্দীদের মুক্তি, সংবাদপত্রের স্বাধীনতাসহ পূর্ণ গণতান্ত্রিক অধিকার কায়েম এবং বাংলাদেশের কমিউনিষ্ট পার্টির উপর হইতে নিষেধাজ্ঞা প্রত্যাহারেরও দাবী জানান হইয়াছে।

উক্ত ছাত্র-জনসভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি কাজী আকরাম হোসেন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক

(৫ম পৃঃ দ্রঃ)

# ছাত্র সংগঠন সংবাদ

(৩য় পৃঃ পর)

জনাব কামরুল আহসান খান ও ঢাকা শহর কমিটির সভাপতি জনাব আশরাফ হোসেন আশু।

o o o

বাংলাদেশ ছাত্র লীগের (মান্না) সভাপতি জনাব মাহমুদুর রহমান মান্না ও সাধারণ সম্পাদক জনাব আখতারুজ্জামান সংবাদপত্রে প্রদত্ত এক বিবৃতিতে মানিকগঞ্জ জেলা শাখার কারারুদ্ধ কর্মী খোকনকে চিকিৎসার জন্য হাসপাতালে প্রেরণের আহ্বান জানাইয়াছেন।

পৃথক এক বিবৃতিতে নেতৃদ্বয় শহরে পোষ্টার লাগানো নিষিদ্ধ করায় ক্ষোভ প্রকাশ করেন।

o o o

বাংলাদেশ ছাত্রলীগের (মিলন) নারায়ণগঞ্জ জেলা ও শহর শাখার উদ্যোগে যৌথ সম্মেলন জনাব হুমায়ুন কবিরের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সম্মেলনে কামাল আহমদকে সভাপতি এবং এস, এম, শাহজাহান বিভাকে সাধারণ সম্পাদক করিয়া ৩৭ সদস্যবিশিষ্ট নারায়ণগঞ্জ জেলা কার্যকরী কমিটি এবং আবদুল্লাহ আল-মাহমুদকে সভাপতি ও আলী হোসেনকে সাধারণ সম্পাদক করিয়া ৩৭ সদস্যবিশিষ্ট নারায়ণগঞ্জ শহর কার্যকরী কমিটি গঠিত হয়।

সভায় নারায়ণগঞ্জ মহকুমাকে প্রশাসনিক জেলা হিসাবে ঘোষণা এবং আবদুল কুদ্দুস মাখনসহ সকল রাজবন্দীর মুক্তি দাবী করা হয়।

o o o

জাতীয় ছাত্র ফ্রন্ট সুনামগঞ্জ জেলা কমিটির সভা দাশরথি বসুর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় মোহিতলাল ভট্টাচার্যকে আহ্বায়ক এবং বিপ্লব দাস, পান্না ত্রিবেদী ও এস, এম, আবদুল হাই পীরকে যুগ্ম আহ্বায়ক করিয়া ২০ সদস্যবিশিষ্ট জেলা কমিটি গঠিত হয়।